




ভূমিকম্পে নিহত ও আহতদের প্রতি জামায়াত আমিরের সমবেদনা



সংগৃহীত ছবি

দেশের বিভিন্ন এলাকায় ভয়াবহ ভূমিকম্পে হতাহতের খবর পেয়ে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। শুক্রবার (২১ নভেম্বর) এক বিবৃতিতে তিনি নিহত ও আহতদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

বিবৃতিতে বলা হয়, ভূমিকম্পে ইতিমধ্যেই দুই শিশুসহ ছয়জনের মৃত্যু এবং প্রায় দুইশ মানুষ আহত হয়েছেন। জামায়াত আমির নিহতদের রহের মাগফিরাত কামনা করে আহতদের দ্রুত আরোগ্য এবং পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আহ্বান জানিয়েছেন, আহতদের যথাযথ চিকিৎসা ও ক্ষতিপূরণের ব্যবস্থা নিশ্চিত করতে। এছাড়া, ভবন নির্মাণে বিস্তিৎ কোড মেনে কাজ হচ্ছে কি না তা কঠোরভাবে তদারকি করতে সরকারকে নির্দেশ দিয়েছেন।

জামায়াত আমির আশা প্রকাশ করেছেন, জনগণ ধৈর্য ও সাহসিকতার সঙ্গে এই দুর্যোগের সময় মোকাবিলা করতে সক্ষম হবেন, ইনশাআল্লাহ।